

চট্টগ্রাম প্রকৌশল বিশ্ববিদ্যালয়
উপাচার্য নিয়োগের দাবিতে
শিক্ষক সমিতির ধর্মঘট

চট্টগ্রাম প্রকৌশল বিশ্ববিদ্যালয়
প্রতিনিধি

চট্টগ্রামের প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (সুয়েট) এই প্রতিষ্ঠানেরই একজন প্রাক্ত ও ফোণা শিক্ষককে উপাচার্য হিসেবে নিয়োগ করার দাবিতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি অবস্থান ধর্মঘট ও কর্মবিরতি পালন করেছে। গতকাল রোববার সুয়েটের প্রশাসনিক ভবনের সামনে সমিতির নেতারা এই কর্মসূচি পালন করেন।

কর্মসূচি চলাকালে বক্তরা বলেন, দুই মাসের বেশি সময় ধরে প্রতিষ্ঠানটিতে উপাচার্য নেই। এই দীর্ঘ সময়ে উপাচার্য নিয়োগের ব্যাপারে সরকারের পক্ষ থেকে কোনো সিদ্ধান্ত না আসায় তারা হতাশ। সমিতির নেতারা অবিলম্বে বিশ্ববিদ্যালয়ের ডেভর থেকে একজন দক্ষ, ন্যায়পরায়ণ ও জ্যেষ্ঠ প্রকৌশল শিক্ষাবিদকে উপাচার্য হিসেবে নিয়োগ দেওয়ার জন্য সরাসরি প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেন।

শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক মীর মু সাকী কাওসার বলেন, 'রাজনৈতিক উদ্ভবের জোরে নয় বরং যোগ্যতার বিচারে উপাচার্য নিয়োগ চাই।'

সমিতির সভাপতি মাসুদুল হক বলেন, 'প্রশাসনিক ভবনের সামনে দুই মাসের বেশি সময় ধরে উপাচার্য নিয়োগের দাবিতে কর্মবিরতি পালন করবে।'